# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৯৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

### আরবী

وَعَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَوِّي صُفُوفَنَا إِذَا قُمْنَا إِلَى الصَّلَاةِ فَإِذَا اسْتَوَيْنَا كَبَّرَ. رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১০৯৭-[১৩] নু’মান ইবনু বাশীর (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা সালাতে দাঁড়ালে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (প্রথমে মুখে অথবা হাতে ইশারা করে) কাতারগুলোকে ঠিক করে দিতেন। যখন আমরা ঠিক হয়ে দাঁড়াতাম তিনি তাকবীর তাহরীমা বলতেন। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৬৬৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীস থেকে দলীল পাওয়া যাচ্ছে ইমামের জন্য সুন্নাত হচ্ছে কাতারসমূহ সোজা করা, অতঃপর তাকবীর দেয়া আর কেউ কেউ (إِذَا قُمْنَا) অংশ থেকে দলীল গ্রহণ করেছেন নিশ্চয়ই কাতার সোজা করা ইক্বামাতের পরে ছিল। এর অপেক্ষা আরও পরিষ্কার দলীল হচ্ছে- (فقام حتى كاد أن يكبر) অর্থাৎ ‘অতঃপর তিনি দাঁড়ালেন এমনকি তাকবীর দেয়ার উপক্রম হলেন’..... শেষ পর্যন্ত।

অপর দলীল (أقيمت الصلاة فأقبل علينا بوجهه) অর্থাৎ সালাতের ইক্বামাত দেয়া হল, অতঃপর তিনি আমাদের দিকে মুখ ঘোরালেন। পরিশেষে বলা যায় কাতার সোজা করার বিষয়টি শিথিলভাবে না দেখে এর প্রতি গুরুত্ব দেয়া উচিত। প্রত্যেক ইমামের তা আবশ্যক দায়িত্ব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55657

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন